

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১।

নং-১০.০০.০০০০.১২৫.০৮/৫.০০২.১৪-৩২৪

তারিখঃ-১৭/০৬/২০১৪ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার সিরাজগঞ্জ জজশীপের সাবেক সিনিয়র সহকারী জজ বর্তমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত জনাব মোঃ আলমগীর-কে রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে পিএইচ, ডি প্রোগ্রামে বৃত্তির আওতায় অধ্যয়নের নিমিত্ত আগামী ০৩/০৮/২০১৪ খ্রিঃ তারিখ হতে ০১(এক) বৎসরের জন্য তাঁকে নিম্নলিখিত শর্তে প্রেরণ মঞ্জুর করলোঃ-

শর্তসমূহ :

- ১। তাঁর প্রেরণের সময়কাল কর্তব্যরত হিসাবে গণ্য হবে;
- ২। তিনি প্রেরণকালীন সময়ের বেতন ও অন্যান্য ভাতাদি স্থানীয় মুদ্রায় গ্রহণ করবেন;
- ৩। উক্ত বৃত্তির আওতায় তাঁর সকল শিক্ষা ব্যয় ও ভ্রমণ ব্যয়সহ আনুষঙ্গিক ব্যয় রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করবে;
- ৪। এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই;
- ৫। কোর্স সম্পন্ন হওয়ার পূর্বে সরকার হতে অন্য কোন নির্দেশ প্রদান না করা হলে কোর্সের মেয়াদ শেষ হবার অব্যবহিত পরেই দেশে প্রত্যাবর্তন করতে হবে;
- ৬। সরকারের অনুমতি ব্যতীত কোর্সের মেয়াদ শেষে বিদেশে অবস্থান করলে তাহা অবৈধ অনুপস্থিতি হিসাবে গণ্য হবে;
- ৭। তিনি কোন অবস্থাতেই কোর্সের মেয়াদ বৃদ্ধি অথবা কোর্স পরিবর্তন করার জন্য আবেদন করতে পারবেন না;
- ৮। বিদেশে অবস্থানকালে কোন ঋণ গ্রহণ করতে পারবেন না এবং বিদেশ হতে আসার পূর্বে সকল বকেয়া পরিশোধ করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১(অফিস)।

নং-১০.০০.০০০০.১২৫.০৮/৫.০০২.১৪-৩২৪/(৮)

তারিখঃ-১৭/০৬/২০১৪ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ১। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ২। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫/৮ আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। জনাব মোঃ আলমগীর, সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৬। উপ-নিয়ন্ত্রক, ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- উপরের বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা যাচ্ছে।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, ৫ম তলা, কক্ষ নং- ৫০৩, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
সিনিয়র সহকারী সচিব